## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতি বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা

নগদ মূল্য ৵০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

হাতে কাটা
বিশুদ্ধ পৈতা
পণ্ডিত-প্রেসে পাইবেন।

**চক্রবর্ত্তী সাইকেল ষ্টোর**

সাইকেল, টায়ার, টিউব, হাসাগ, গ্রামোফোন প্রভৃতি পার্টস্ বিক্রেতা ও মেরামতকারক। নির্দ্ধারিত সময়ে সাইকেল সরবরাহ করা হয়।
রঘুনাথগঞ্জ মেছুয়াবাজার (কদমতলা)

৪১শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৫শে ফাল্গুন বুধবার ১৩৬১ ইংরাজী 9th Mar. 1955 | ৪১শ সংখ্যা



উজ্জ্বল ঘরের তরে...

**দীপ্তি লণ্ঠন**

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাস্ট্রিজ লিঃ ১১, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

**অগ্রগতির পথে নূতন পদক্ষেপ**

হিন্দুস্থান তাহার যাত্রাপথে প্রতি বৎসর নূতন নূতন সাফল্য, শক্তি ও সমৃদ্ধির গৌরবে দ্রুত অগ্রসর হইয়া চলিয়াছে।

নূতন বীমা (১৯৫৩)

**১৮ কোটি ৮৭ লক্ষের উপর**

হিন্দুস্থানের উপর জনসাধারণের অবিচলিত আস্থার উজ্জ্বল নিদর্শন।

ভারতীয় জীবন বীমার ক্ষেত্রে

পূর্ব্ব বৎসর অপেক্ষা **২ কোটি ৪২ লক্ষ বৃদ্ধি**

সমসাময়িক তুলনায় সর্ব্বাধিক

**হিন্দুস্থান কো-অপারেটিভ**

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড,

হিন্দুস্থান বিল্ডিংস্, কলিকাতা—১৩

শাখা অফিস : ভারতের সর্ব্বত্র ও ভারতের বাহিরে

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২৫শে ফাল্গুন বুধবার সন ১৩৬১ সাল।

# অন্ধ্রে থারটিন্ চিয়ারস্ (চেয়ারস্?) ফর্ কমিউনিষ্টস্

—০)-(০—

অন্ধ্রে সাধারণ নির্ব্বাচনে কমিউনিষ্ট দলের অদৃষ্টে একি হলো!

"মনে ক'রেছিল এরা
খাবে চিঁড়ে দৈ—
বিধাতা মিলালো শেষে
ধান স্রদ্ধ খৈ!"

যেখানে কংগ্রেস সংহতির ১৪৩ জন সদস্য নির্ব্বাচিত হলো সেখানে কম অনিষ্ট করা কমিউনিষ্ট দলের মাত্র ১৩টি সদস্য! জাঁদরেল জাঁদরেল সর্দ্দার কমিউনিষ্টরাও পপাত ধরণীতলে! তবে কি অন্ধের চোক ফুটিয়ে দিলে কেউ না লোক আপনা-হ'তেই এদের চিন্‌তে পেরেছে!

আমাদের দেশে একটা গল্প প্রচলিত আছে। গল্পটির নাম

## "দা'ঠাকুর গো চিনেছে"

এক গোস্বামী প্রভুর গুরুগিরি ব্যবসা ছিল। দেশে বিদেশে বহু শিষ্য ছিল। বৎসর বৎসর সেই সব শিষ্যদের কর্ণে ইষ্টমন্ত্র দিবার জন্য আর শিষ্যগণের নিকট বার্ষিক প্রণামী আদায় জন্য তাহাদের বাড়ীতে পদার্পণ করিতে হইত। শিষ্যালয়ে প্রণামী ছাড়া বাসন, কাপড় ইত্যাদি বহু দ্রব্য প্রাপ্তি হইত কাজেই সঙ্গে একটি তল্পীদার লইয়া যাইতে হইত। গোস্বামী প্রভুর সঙ্গে গেলে তল্পীদারকে শিষ্যরাই কিছু কিছু অর্থ মজুরী দিত। প্রভুজীই তা হাত পাতিয়া লইতেন। বাড়ী আসিয়া শিষ্যদত্ত তল্পীদারের ন্যায্য প্রাপ্য না দিয়া তার অধিকাংশই আত্মসাৎ করিয়া সামান্য দিতেন। সেইজন্য যে তল্পীদার একবার ঠকিত সে আর যাইতে রাজি হইত না। এইভাবে জল চলে এমন কোন জাতীয় লোক না পাওয়ায় গ্রামের রামু চর্ম্মকারকে পাওনা গণ্ডার প্রলোভন দিয়া তল্পীদাররূপে প্রভুর সঙ্গে প্রবাসে যাইতে সম্মত করাইলেন।

রামু প্রভুজীকে বলিল—"দা'ঠাকুর আমি তো চামার, 'আপনার শিষ্যিরা আমাকে ঘরে উঠতে দিবে তো?' প্রভুজী বলিলেন—"ভাল কথা বলেছিস্ রামু। তোকে যদি কেউ জিজ্ঞাসা করে—তুমি কি জাতি? তখন হয় বলিস্ কৈবর্ত্ত দাস কিংবা সদ্গোপ গোয়াল। বুঝলি তো। আসল জাত গোপন করিস্।" রামু বলিল তাই করবো দা'ঠাকুর।

প্রভুজীর স্বগ্রামের নিকটবর্ত্তী গ্রামে যাওয়া এবার স্থগিত রাখিয়া দূর দূরান্তর গ্রামেই যাত্রা করিলেন। কারণ নিকটস্থ গ্রামের শিষ্যরা রামুকে চিনে। এক গ্রামে এক সঙ্গতিপন্ন কায়স্থ শিষ্যের বাড়ীতে গিয়া উপস্থিত হইবা মাত্র শিষ্যবাড়ীর আবাল-বৃদ্ধ-বনিতা সকলেই গুরুর চরণে প্রণাম করিয়া তাঁহার চরণ একটি পিতলের বগনোতে ধৌত করিয়া সেই চরণামৃত জিহ্বায় স্পর্শ করিয়া ধন্য হইল। রামুকে বাড়ীর মধ্যে কুয়োটি দেখাইয়া দিয়া শিষ্য বলিল—তুমি ঐ কুয়ো হ'তে জল তুলে নিয়ে পা ধুয়ে বসো। রামু আর উঠে না। দেশে তো ওদের কুয়ো ছুঁতে দেয় না কেউ। রামু ইতস্ততঃ করছে দেখে বুদ্ধিমান শিষ্য তাকে জিজ্ঞাসা করলে—তুমি কি জাত বাপু? দা'ঠাকুরের শিক্ষা মত রামু বলিয়া উঠিল—কিংবা কিংবা কৈবর্ত্তদাস কিংবা কিংবা সদ্গোপ গোয়াল। শিষ্য দুই জাতের নাম শুনিয়া বলিলেন—একি তুমি দুই জাতি? তোমার জাতের ঠিক নাই। বেটা চামার নাকি? রামু এইবার আস্তে আস্তে দরজার কাছে এসে চীৎকার করে ঠাকুরকে ডেকে বলে উঠলো—দা'ঠাকুর গো এরা আমাকে চিনেছে। বলেই এক দৌড়। ঠাকুর মহাশয় শিষ্যের কাছে অপ্রস্তুত হয়ে বললেন—ওটা পাগল! চলে গেল বুঝি? যাক।

কংগ্রেসীরা কমিউনিষ্টদের স্বরূপ লোকের কাছে ব্যক্ত করে এত দিনে অন্ধ্রে যে অবস্থা ক'রে তুলেছে তা প্রভুর তল্পীদার রামুর দশার মতই বল্‌তে হয়। প্রজা সোসালিষ্ট দলই বা কোন সুবিধা করলেন। দেশের সাধারণ অধিবাসীরা এই নির্ব্বাচন লীলা, শাসন লীলা, শোষণ লীলা কিছুই বোঝে না। বুঝুক, আর না বুঝুক, হুজুক তো চলবেই। সরকারের টেক-সই হয়ে থাকতে হলেই টেক্সই একমাত্র পন্থা। তা গরীব আর মধ্যবিত্তের মরণ আর কি? এরা কাউকে চিনিবার পূর্ব্বেই অক্কা পাবার দাখিল হবে।

---

## টিকা দিবার অভিনব পন্থা

—০—

কলিকাতা মহানগরীতে কলেরা সুরু হইয়াছে। করপোরেশন রীতিমত ঘোষণা করিয়া স্থানে স্থানে টিকা দিবার অফিস খুলিয়াছে। নিরক্ষরের কথা দূরে থাক, শিক্ষিতেরাই না ঠেকিলে টিকা নিতে রাজি হয় খুব কম। ছেলেদের টিকা দিবার জন্য সরকারী গাড়ীতে গ্রামোফোন বাজাইয়া সুন্দর সুন্দর গান শোনাইবার ব্যবস্থা করা হইয়াছে। যখন রেকর্ড বাজে বস্তির বালক বালিকাগণ যখন শুনিবার জন্য উপস্থিত হয় তখন গাড়ীর ভিতর হইতে ডাক্তার বাহির হইয়া ধরিয়া ধরিয়া টিকা দিয়া তবে ছাড়ে। যতগুলি পারে টিকা দেয়, তারপর টিকা লইবার জন্য অনুরোধ করিয়া বক্তৃতা করে। বিনামূল্যে টিকা তা যদি লোকে না নেয়, তবে মরণ বরণ করা ছাড়া একে কি বলা যায়।

---

## তৃতীয় বার্ষিকী স্মৃতি-সভা

গত ৪ঠা মার্চ্চ শুক্রবার সন্ধ্যায় কলিকাতার বিখ্যাত কাগজ ব্যবসায়ী মেসার্স রঘুনাথ দত্ত এণ্ড সন্স লিমিটেডের প্রতিষ্ঠাতা স্বর্গত রঘুনাথ দত্ত মহাশয়ের তৃতীয় বার্ষিকী স্মৃতি-সভা বিডন ষ্ট্রীটস্থ 'ভোলানাথ ধামে' 'আনন্দবাজার পত্রিকার' সম্পাদক শ্রীচপলাকান্ত ভট্টাচার্য্য মহাশয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হইয়াছে। সভাপতি মহাশয় ও উপস্থিত ভদ্রমহোদয়গণ দত্ত মহাশয়ের বহুমুখী প্রতিভা, কর্ত্তব্যনিষ্ঠা, সততা, স্বজন বৎসল প্রভৃতি নানা গুণের উল্লেখ করিয়া তাঁহার অমর আত্মার প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন।

---

## বরাহনগরে ভুয়া লটারীর আড্ডা আবিষ্কার

কলিকাতার গোয়েন্দা বিভাগের পুলিশ বরাহনগর মহারাজ নন্দকুমার রোডস্থ ২১নং ২৭নং বাড়ীতে একটী ভুয়া লটারী প্রতিষ্ঠান আবিষ্কার করিয়াছে। এই ভুয়া প্রতিষ্ঠানটী ভারত ও পাকিস্থানে বিভিন্ন লটারীর নাম দিয়া জনসাধারণকে কয়েক বৎসর ধরিয়া হাজার হাজার টাকা প্রতারিত করিয়াছে। পুলিশ এই সম্পর্কে কান্তিলাল যমুনা দাসসহ কয়েকজনকে গ্রেপ্তার করিয়াছে। পুলিশ বরাহনগরস্থ উক্ত ভুয়া প্রতিষ্ঠানের কার্য্যালয় দুইটি তল্লাসী করিয়া প্রায় এক বাক্স ভুয়া লটারী টিকিটের কাউণ্টার ফয়েল (প্রতিপত্র), রবার ষ্ট্যাম্প প্রভৃতি উদ্ধার করিয়াছে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে। বরাহনগরের উক্ত ভুয়া লটারীর প্রধান কার্য্যালয় বহু বৎসর ধরিয়া চালাইয়া আসিতেছিল। "ডার্বি হসপিটাল সুইপ," "ন্যাশন্যাল ডার্বি হসপিটাল ফণ্ড" "বর্ম্মা হসপিটাল সুইপ' প্রভৃতি বহু জাল নাম দিয়া উহারা লক্ষ লক্ষ টিকট বিক্রয় করিয়া আসিতেছিল। বিভিন্ন অফিসের ৭৫টি রবার ষ্ট্যাম্প এবং অন্যান্য বহু আপত্তিকর কাগজপত্র উদ্ধার করা হইয়াছে।

---

## ভুয়া শব্দগঠন সংস্থা আবিষ্কার

কলিকাতার গোয়েন্দা বিভাগের পুলিশ সম্প্রতি মিশন রো'স্থিত একটী ভুয়া শব্দগঠন প্রতিযোগিতা সংস্থা আবিষ্কার করে। প্রকাশ উক্ত সংস্থা জনসাধারণের নিকট হইতে ৩৪৪০২॥০ আত্মসাৎ করিয়াছে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে। পুলিশ এই সম্পর্কে একজনকে গ্রেপ্তার করিয়াছে এবং অন্যান্য আসামীর সন্ধান করিতেছে।

---

## রাহাজানি

বন্দেশ্বর গ্রামের শিবচতুর্দ্দশী মেলা দেখিয়া খৈরাটী গ্রামের শ্রীশম্ভুনাথ কবিরাজ মহাশয়ের বাড়ীর মেয়েরা বাড়ী ফিরিতেছিলেন, পথিমধ্যে গুণ্ডারা গাড়ী আটকাইয়া মেয়েদের গাত্রালঙ্কার খুলিয়া লয়। ক্ষতির পরিমাণ প্রায় আড়াই হাজার টাকা বলিয়া প্রকাশ। পুলিশ তদন্ত চলিতেছে।

---

## বাধ্যতামূলক অবৈতনিক প্রাথমিক শিক্ষা

দশ বৎসরের মধ্যে পশ্চিমবঙ্গে প্রবর্ত্তনের চেষ্টা

পশ্চিমবঙ্গ বিধানসভার মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় জানান যে, রাজ্য সরকার দশ বৎসরের মধ্যে এতৎরাজ্যে প্রাথমিক শিক্ষা অবৈতনিক এবং বাধ্যতামূলক করার এক পরিকল্পনা অনুসরণ করিতেছেন।

কম্যুনিষ্ট সদস্য শ্রীজ্যোতি বসু অভিযোগ করেন যে, বিধানসভার বিগত অধিবেশনে এই রাজ্যে প্রাথমিক শিক্ষা অবিলম্বে অবৈতনিক এবং বাধ্যতামূলক করার এক প্রস্তাব গৃহীত হওয়া সত্ত্বেও গভর্ণমেণ্টের পক্ষ হইতে বর্ত্তমান অধিবেশনে অনুরূপ কোন বিল উত্থাপন করা হইতেছে না। তিনি মনে করেন যে, এতদ্দ্বারা গভর্ণমেণ্ট সভার নির্দ্দেশ অমান্য করিতেছেন। ডাঃ রায় এই অভিযোগের উত্তরে উক্ত তথ্য পরিবেশন করেন।

---

## দীর্ঘ দিনের দণ্ডিত বন্দী

আত্মীয়দের সহিত সাক্ষাতের ব্যবস্থা

দীর্ঘ দিনের দণ্ডিত বন্দীদের আত্মীয় স্বজনের সহিত দেখা সাক্ষাৎ করিবার সুযোগ দানের জন্য মাঝে সর্ত্তাধীনে সাময়িকভাবে সর্ব্বাধিক এক মাসের জন্য ছুটি দিবার বিধান করিয়া পশ্চিমবঙ্গ সরকার একটি বিল প্রণয়ন করিয়াছেন। ঐ বিলের নাম করা হইয়াছে বন্দী (পশ্চিমবঙ্গ সংশোধন) বিল। রাজ্য সরকার বিধানমণ্ডলীর বর্ত্তমান অধিবেশনে ঐ বিল উত্থাপন করিতে চাহেন বলিয়া প্রকাশ।

যাহাদের দণ্ডভোগের মেয়াদ দুই বৎসরের অধিককাল একমাত্র তাহাদের ক্ষেত্রে অন্ততঃ এক বৎসর দণ্ডভোগের এইরূপ সর্ত্তাধীনে ছুটি পাইবার সময় বন্দীকে ভালভাবে থাকিবার ও অন্যান্য সর্ত্ত পালন করিবার অঙ্গীকার পত্রে সহি করিতে হইবে।

জেলের বাহিরে আত্মীয়স্বজনের সহিত দেখা সাক্ষাতের ফলে বন্দীদের চরিত্রের উপর সুপ্রভাব পড়িতে পারে বলিয়া মনে করিয়া এইরূপ বিধান করার প্রস্তাব হইয়াছে।

---

## বর্ত্তমান বৎসরের স্কুল ফাইন্যাল পরীক্ষা

পরীক্ষার্থীর সংখ্যা ৪০ হাজার হইবে

এ বৎসর প্রায় ৪০ হাজার ছাত্র পশ্চিমবঙ্গ মধ্য শিক্ষা পর্ষদের অধীনে আগামী স্কুল ফাইন্যাল পরীক্ষা দিবে বলিয়া জানা গিয়াছে।

গত বৎসর প্রায় ৬০ হাজার ছাত্র এই পরীক্ষা দিয়াছিল। কিন্তু ঐ পরীক্ষায় অনুত্তীর্ণদের মধ্যে প্রায় ২১ হাজার ছাত্র গত সেপ্টেম্বর ও ডিসেম্বর মাসে গৃহীত বিশেষ ও কম্পার্টমেণ্টাল স্কুল ফাইন্যাল পরীক্ষা দিয়াছে। এই জন্য এ বৎসর স্কুল ফাইন্যালের মোট পরীক্ষার্থীর সংখ্যা কিছু হ্রাস পাইয়াছে বলিয়া প্রকাশ। আগামী ১৪ই মার্চ্চ হইতে এ বৎসরের স্কুল ফাইন্যাল পরীক্ষা আরম্ভ হইবে।

প্রকাশ যে, ডিসেম্বর মাসে গৃহীত বিশেষ স্কুল ফাইন্যাল পরীক্ষার ফল প্রকাশ হইতে আরও কিছু সময় বিলম্ব হইতে পারে।

---

## দোল উৎসব

এই উৎসবে সকলে আমোদ পায় কি? এক মুঠো অন্নের কাঙাল বাজারে আসিয়া দু' পয়সা রোজগারের আশায় বসিয়া আছে, জনৈক উৎসবানন্দ ভক্ত একটা হাঁড়িতে গোবর, নর্দ্দমার পাঁক, কাদা ইত্যাদি মিশ্রিত করিয়া নূতন শালপাতা দিয়া হাঁড়ির মুখ বাঁধিয়া নিরীহ কাঙালের হাতে একটী আনি বা দু-আনি দিয়া বলিলেন—"এই মিষ্টির হাঁড়িটী ঐ বাড়ীতে দিয়ে এসো। ওখানেও বখশিস পাবে।" গরীব হাঁড়িটী মাথায় লইয়া দু' চার পা এগিয়ে যেতেই একজন উৎসবামোদী ভক্ত তাহার মাথার হাঁড়ির উপর লাঠির আঘাত করিবামাত্র ভক্ত বাবুর কথিত মিষ্টান্ন ঘৃণিত বস্তুতে পরিণত হইয়া বেচারী কাঙালের মাথা হইতে পা পর্য্যন্ত রঞ্জিত করিল। এই সব নোংরামি ব্যাপারকে উৎসবের উৎপাত ছাড়া আর কি বলা যায়?

---

**কলছাঁটা চাউল**—এতদিন রঘুনাথগঞ্জ চাউলের আড়তে ঢেঁকীছাঁটা চাউলের প্রচলন ছিল। বর্ত্তমানে গ্রামাঞ্চলে চালছাঁটা কল বসিয়াছে, সেজন্য ব্যাপারীগণ কলছাঁটা চাউল আনিতেছে।

# বিজ্ঞপ্তি

—০—

জমিদার ও অন্যান্য মধ্যস্বত্বাধিকারীদের অধীনে রায়ত ও অকৃষিজীবী প্রজাদের নিকট হইতে প্রকৃত খাজনা আদায়ের কাজে বর্ত্তমানে নিযুক্ত আছেন এমন কর্মচারীদের নিকট হইতে সরকারের অধীনে তহশিলদার পদের জন্য দরখাস্ত আহ্বান করা যাইতেছে। জমিদারী ও মধ্যস্বত্বাধিকারীদের সম্পত্তি সরকারে বর্তাইবার তারিখ হইতে, অর্থাৎ ১৩৬২ বঙ্গাব্দের ১লা বৈশাখ হইতে তাঁহাদিগকে ঐ সব রায়ত ও অকৃষিজীবীদের নিকট হইতে সরাসরি খাজনা আদায় সংক্রান্ত কাজ করিতে হইবে। নিয়োগপ্রাপ্ত ব্যক্তিগণকে অবশ্যই কমিশনের ভিত্তিতে কাজ করিতে হইবে। যে পরিমাণ অর্থ প্রকৃত আদায় হইবে স্থানীয় অবস্থা অনুসারে তাহার শতকরা ৬ হইতে ৭ ভাগ হইবে কমিশনের হার। তাঁহাদিগকে অবশ্যই নগদ টাকা জামানত রাখিতে ও ব্যক্তিগত জামিন দিতে হইবে এবং সরকার যেমন নির্দেশ দিবেন সেইমত চুক্তি সম্পাদন করিতে হইবে। তাঁহাদের জন্য কাছারির ব্যবস্থা করা হইবে না এবং তাঁহাদিগকে অবশ্যই স্বগৃহে থাকিয়া কাজ করিতে হইবে। তাঁহাদিগকে সম্পূর্ণ অস্থায়ীভাবে এবং এক মাসের নোটিসে বরখাস্ত করার বা কর্মত্যাগের উভয় পক্ষীয় শর্তে নিযুক্ত করা হইবে। কর্মপ্রার্থিগণকে অবশ্যই নিম্নপ্রদর্শিত ফরমে পরিষ্কারভাবে ও সুস্পষ্ট অক্ষরে স্বহস্তে দরখাস্ত লিখিয়া যেখানে বর্ত্তমানে কাজ করিতেছেন সেই অঞ্চলের মহকুমা-শাসকের নিকট পাঠাইতে হইবে। কর্মপ্রার্থী বর্ত্তমানে যাঁহার অধীনে কাজ করিতেছেন তাঁহার প্রদত্ত সচ্চরিত্রতার প্রমাণপত্র দরখাস্তের সহিত অবশ্যই দিতে হইবে। ১৯৫৫ সালের ১৫ই মার্চ্চের মধ্যে দরখাস্ত অবশ্যই সংশ্লিষ্ট মহকুমা-শাসকের নিকট পৌছানো আবশ্যক।

স্বাঃ পি, ব্যানার্জি
পশ্চিমবঙ্গ রাজস্ব-পর্ষদের সচিব।

---

## দরখাস্তের ফরম

আবেদনকারীর

১। নাম ও ঠিকানা থানার নামসহ ... ... ... ... ...

২। জন্ম তারিখ ... ... ... ... ... ...

৩। পিতার নাম ও ঠিকানা ... ... ... ... ...

৪। ১৯৫৫ সালের ১লা মার্চ্চ যে পদে নিযুক্ত আছেন ... ... ... ...

৫। মাহিনা ও কোন ভাতা পাইলে তাহার পরিমাণ ... ... ... ...

৬। কর্মপ্রার্থী ১৯৫৫ সালের ১লা মার্চ্চ তারিখে যে মধ্যস্বত্বাধিকারীর অধীনে কর্মনিযুক্ত তাহার নাম ও ঠিকানা ... ... ... ... ...

৭। ১৯৫৫ সালের ১লা মার্চ্চ পর্য্যন্ত ... ... ... ... ...
কতকাল কাজ করিয়াছেন ... ... ... ... ...

৮। বর্তমানে যেখানে কাজ করিতেছেন ... ... ... ...
সেখানে যদি নগদ, বা অন্য কোন রকম
জামানত রাখিয়া থাকেন তাহার পরিমাণ ... ... ... ...

৯। বার্ষিক খাজনা ( বা খাজনার অংশ ) বাবত যত টাকা আদায় করার ভার দরখাস্তকারীর উপর ন্যস্ত আছে তাহার পরিমাণ এবং যে সকল রায়ত ও অকৃষিজীবীদের নিকট হইতে খাজনা আদায় করিতে হয় তাহাদের জমার মোট সংখ্যা গ্রামওয়ারিভাবে নিচের ঘরগুলিতে দেখাইতে হইবে—

| (১) | (২) | গ্রাম | | | (৩) তহশিল | | (৪) |
|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক সংখ্যা | (ক) নাম | (খ) জে এল নং | (গ) থানা | (ঘ) জেলা | (ক) জমার মোট সংখ্যা | (খ) মোট খাজনা | মন্তব্য |
| | | | | | | | |

১০। আমি অঙ্গীকার করিতেছি যে, উপরে যাহা যাহা বলা হইয়াছে তাহার সমস্তই সত্য

স্বাক্ষর ... ... ... ...

তারিখ ... ... ... ...

১১। দরখাস্তকারী যে মধ্যস্বত্বাধিকারীর অধীনে কাজ করিতেছেন তাহার প্রমাণপত্র ... ... ... ...

উক্ত মধ্যস্বত্বাধিকারীর স্বাক্ষর

দ্রষ্টব্য : ( এই প্রমাণপত্র এইস্থানে লিখিত হইতে পারে বা পৃথকভাবে দরখাস্তের সহিত দেওয়া যাইতে পারে। )

## যক্ষ্মাক্রান্ত পশ্চিমবঙ্গ

বিধান সভায় স্বাস্থ্যমন্ত্রী ডাঃ শ্রীঅমূল্যধন মুখোপাধ্যায় জানাইয়াছেন পশ্চিমবঙ্গে ৭৫ হাজার ৩ শত ৫০ জন যক্ষ্মারোগে ভুগিতেছেন। ১৯৫২ সালে ৮ হাজার ৪২০ জন, ১৯৫৩ সালে ৭ হাজার ৫ শত ৩৫ জন, ১৯৫৪ সালের জুন পর্য্যন্ত ৩ হাজার ৪ শত ৯১ জন যক্ষ্মা রোগে মারা গিয়াছে। দেখা যাইতেছে ম্যালেরিয়ায় মৃত্যুহার কমিয়াছে এবং যক্ষ্মা রোগে মৃত্যুর সংখ্যা ম্যালেরিয়াকে হার মানাইয়াছে।

## জঙ্গিপুর শ্রী

জঙ্গিপুর কৃষি-শিল্প-স্বাস্থ্য প্রদর্শনীতে জঙ্গিপুর-শ্রী প্রতিযোগিতায় রঘুনাথগঞ্জের নিকটস্থ আহিরণ গ্রামের শ্রীবামাচরণ রায় মহাশয়ের পুত্র শ্রীমান্ দীনবন্ধু রায় সর্ব্বোচ্চ স্থান অধিকার করিয়া কাপ ও সার্টিফিকেট লাভ করিয়াছেন। আমরা শ্রীমানের অটুট স্বাস্থ্য কামনা করি।

## মশার উপদ্রব

শীত কমিয়া যাওয়ার সঙ্গে সঙ্গেই এখানে মশার ভীষণ উপদ্রব হইয়াছে। সন্ধ্যার পর কাজকর্ম্ম করা কঠিন হইয়াছে। মধ্যবিত্ত গৃহস্থগণের ও গরীব লোকদের আবশ্যক মত মশারী না থাকায় তাহারা অবাধে মশকের মধুর দংশন সহ্য করিতেছে। রঘুনাথগঞ্জে পশ্চিম বঙ্গ সরকারের ম্যালেরিয়া নিবারণী বিভাগের অফিস আছে ও কর্ম্মচারিগণ আছেন। মশকের হাত হইতে জনসাধারণকে রক্ষা করার জন্য কিছু করণীয় থাকিলে উক্ত বিভাগের ভারপ্রাপ্ত কর্ম্মচারী মহাশয়কে অবিলম্বে সচেষ্ট হইতে অনুরোধ করিতেছি।

## ডাকাত নিহত

গত ৩রা মার্চ্চ রাত্রে বীরভূম জেলার দুবরাজপুর থানার অন্তর্গত তুলবেড়িয়া গ্রামে এক গৃহস্থের গৃহে একদল ডাকাত হানা দেয়। গৃহের অধিবাসিগণ ডাকাতগণকে কঠোরভাবে বাধা দেয় এবং দুই জন দস্যুর পেট চিরিয়া ফেলে। ডাকাতদের মৃতদেহ ব্যবচ্ছেদের জন্য সিউড়ী সদরে আনা হয়।

Government of West Bengal
Office of the Collector of Murshidabad
Tanks Improvement Department

## Notice.

Sealed tenders are invited for re-excavation of 36 (Thirty Six) derelict irrigation tanks and will be received by the Tanks Improvement Officer, Murshidabad (Berhampore) up to 2-30 p.m. of 21. 3. 55.

2. Tenders should be submitted in prescribed form obtainable free from the Office of the Tanks Improvement Officer, Murshidabad (Berhampore) and must be accompanied with a treasury chalan showing deposit of 5% of the tendered rates as earnest money and with income tax clearance certificates or a declaration stating that the tenderer had no taxable income within the last 3 years.

3. Detailed informations as regards the works may be seen at any time during office hours in the Tanks Improvement Office, Berhampore.

4. Tenders will be opened by the Tanks Improvement Officer, Murshidabad (Berhampore) at 3 p.m. on 21.3.55 before such contractors or their representatives as may be present

5. The uudersigned reserves the right of accept the lowest or any tender without assigning any reason whatsoever.

Dated,
Berhampore,
the 28th Feb.,
1955.

Sd/- A. L. Banerjee
28.2.55.
For Addl. Collector,
Murshidabad.

## শিলাবৃষ্টি

গত ১৯শে ফাল্গুন বৃহস্পতিবার রাত্রে রঘুনাথগঞ্জ থানার নিস্তা, তালাই গ্রামে শিলাবৃষ্টি হওয়ার খবর পাওয়া গিয়াছে। নবগ্রাম থানার বেলুড়ি ও নিমগ্রাম অঞ্চলে বড় আকারের শিলা পড়িয়াছে বলিয়া প্রকাশ। এতদঞ্চলে কেবল বৃষ্টি হইয়াছিল।

## Notice.

1. A list of applicants, with their details as far as practicable for the grant of a permit to operate a bus service on Lalgola-Jangipur route has been kept displayed in the notice board of the Regional Transport Authority, Murshidabad and also in the notice boards of the outlying Sub-divisional Offices.

Representation, if any, in connection therewith, will be received by the undersigned within 30 days from the date of publication of this notice.


2. A list of persons applying for the renewals of stage carriage permits and public carrier points and also a list of persons for the grant of public carrier permits have been hung up in the notice board of the Regional Transport Authority, Murshidabad and also in the notice boards of the outlying Sub-divisional Offices.

Representation, if any, in connection therewith, will be received by the undersigned within 30 days from the date of publication of this notice.

Sd/- S. B. Mazumdar,
Secretary,
Regional Transport Authority,
Murshidabad.

## মোটর ট্রাকে রাস্তার সাঁকো নষ্ট

জঙ্গিপুর মিউনিসিপালিটীর রাস্তা দিয়া বড় বড় ট্রাক চলাচল করার জন্য রাস্তার ছোট ছোট সাঁকোগুলি ভাঙ্গিয়া পড়িতেছে। অনেক সময় মালবাহী ও বালী বোঝাই ট্রাক দ্রুতবেগে সহরের রাস্তা দিয়া চলাচল করায় রাস্তার সাঁকোর ক্ষতি ও পথচারীর জীবনাশঙ্কার যথেষ্ট কারণ হইয়াছে। বহিরাগত চালকগণ বেপরোয়াভাবে অসমাপ্ত সাঁকোর গাঁথনীর উপর দিয়া গাড়ী চালাইয়া উহা নষ্ট করিয়া দিতেছে। এ বিষয়ে মিউনিসিপাল কর্ত্তৃপক্ষের বিহিত ব্যবস্থা করা বিশেষ আবশ্যক।




**দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস**

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্টইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৫৭২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

**রবার ষ্ট্যাম্প** অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

**ইলেকট্রিক সলিউসন**

— দ্বারা —

**মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—**



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৹ টাকা ও মাশুলাদি ১/৹ এক টাকা এক আনা।

সোল এজেণ্ট :— **ডাঃ ডি, ডি, হাজরা**

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

**অরবিন্দ এণ্ড কোং**

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্
এখানে নূতন কিনিতে পাইবেন।
এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পাণ্ডিত কর্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত